REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷০ টাকা। নগদ মূল্য ৵০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় বিলাম্বী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিজয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

লোহার

**কড়ি, বরগা,**

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্টু প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্র্যাণ্ড রোড কলিকাতা

বড়বাজার।

২০শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৮ই কার্ত্তিক বুধবার ১৩৪০ ইংরাজী 25th October 1933 | ২০শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৩৯ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এল, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস-এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷০, ছোট ১৷৵০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।










## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲ ; ৩টী একত্রে ৫৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৮ই কার্ত্তিক বুধবার ১৩৪০ সাল।

## কাছারী খুলিয়াছে।

গত ২৩শে অক্টোবর জঙ্গিপুরের মুন্সেফী আদালত ৺পূজার অবকাশের পর খুলিয়াছে।

---

## বদলী।

জঙ্গিপুরের লোকপ্রিয় সাবডেপুটী কালেক্টর মৌলবী মোহাম্মদ হোসেন বি-এ, মহোদয় খুলনা জেলার সাতক্ষীরায় বদলী হইলেন।

---

## আগমন।

বাগেরহাটের সাবডেপুটী কালেক্টর মৌলবী আবদুল গোফুর মহোদয় জঙ্গিপুরের সাবডেপুটী কালেক্টরের কার্য্যভার গ্রহণ করিয়াছেন। আমরা নবাগত সাবডেপুটী সাহেবকে সাদরে অভিনন্দন জ্ঞাপন করিতেছি।

---

## ইন্‌কাম্‌ট্যাক্স অফিসার।

মুর্শিদাবাদ জেলার ইন্‌কাম্‌ট্যাক্স অফিসার মহোদয় জঙ্গিপুরে শুভাগমন করিয়াছেন। তিনি খুব তৎপরতার সহিত কার্য্য আরম্ভ করিয়াছেন। তাঁহার কার্য্যপ্রণালী প্রশংসনীয়।

---

## কলিকাতা হইতে মাদ্রাজ

### উড়ো জাহাজে যাতায়াত ব্যবস্থা।

মাদ্রাজ হইতে কলিকাতা সপ্তাহে একবার উড়ো জাহাজে যাতায়াতের ব্যবস্থা হইয়াছে। শুধু যাইতে ১০ ঘন্টার সময় লাগিবে, মধ্যে গুন্নাচরম, ভিজাগাপাটাম ও কটকে উড়ো জাহাজ থামিবে। নভেম্বর মাসের শেষ সপ্তাহ হইতে যাতায়াত আরম্ভ হইবে।

---

## সিউড়ীতে সশস্ত্র ডাকাতি।

### গভর্ণমেন্টের তিন হাজার টাকা লুঠ।

গত ১৩ই অক্টোবর সন্ধ্যায় বীরভূম জিলার সিউড়ীতে ষ্টেশন রোডে এক সশস্ত্র মেল ডাকাতি হইয়া গিয়াছে। উহাতে গবর্ণমেন্টের তিন হাজার টাকা লুণ্ঠিত হইয়াছে। ঐ সম্পর্কে পরদিন সকালে শ্রীযুক্ত গোপিকাবিলাস সেনের বাটীতে খানাতল্লাস করিয়া তাঁহার বাটী হইতে একটী ছাত্রকে ও স্থানীয় কয়েকজন যুবককে পুলিশ গ্রেপ্তার করিয়াছে।

---

## মুসুরীতে বাঙ্গালী নিহত।

### বৃদ্ধ ব্যবসায়ীর মৃত্যুতে চাঞ্চল্য।

মুসুরীর ব্যবসায়ী মেসার্স [illegible] দাস এণ্ড কোম্পানীর ভারপ্রাপ্ত মিঃ পি. সি. বন্দ্যোপাধ্যায়কে ৬ই অক্টোবর রাত্রিতে খুন করা হইয়াছে। হিমালয় ক্লাবের রন্ধনশালার পশ্চাতে একটী গর্ত্তে তাঁহার মৃতদেহ পরদিন দেখিতে পাওয়া যায়। তিনি বহুদিন মুসুরীতে চাকরী করিতেছিলেন। তাঁহার বয়স ৬০ বৎসর। তাঁহার বিধবা পত্নী ও এক কন্যা বর্ত্তমান।

---

## হুড্রু জলপ্রপাতে দুর্ঘটনা।

### বাঙ্গালী যুবকের শোচনীয় মৃত্যু।

রাঁচী হইতে ২৫ মাইল দূরে হুড্রু জলপ্রপাত অবস্থিত। একদল যুবক গত ১১ই অক্টোবর উক্ত জলপ্রপাত দেখিতে গিয়াছিল। একটী যুবক হঠাৎ হাত ধুইতে যাইয়া জলে পড়িয়া যায়—তখনই তাঁহার সাহায্যের জন্য জলে কাপড় ফেলিয়া দেওয়া হয়,—কিন্তু যুবকটী স্রোতে ভাসিয়া গিয়া তখনই মারা যায়। পরে জাল ফেলিয়া তাহার মৃতদেহ জল হইতে তোলা হয়, যুবকটী রাজসাহীর এক মুন্সেফের পুত্র।

---

## পরলোক গমন।

জঙ্গিপুরের উদীয়মান উকিল শ্রীযুক্ত বাবু রমানাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় পূজার ছুটিতে বাড়ী যান। তাঁহার বাড়ী বীরভূম জেলার অন্তর্গত মল্লারপুরের সন্নিকট দক্ষিণগ্রাম। সেখানেই তিন দিনের জ্বরে গত ২৮শে আশ্বিন শনিবার মারা গিয়াছেন। রমানাথ বাবুর অপ্রাপ্তবয়স্ক তিন পুত্র এক কন্যা বিধবা পত্নী ও বৃদ্ধা মাতা বর্ত্তমান। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

---

## জব্বলপুরে সাপের প্রতিহিংসা।

### কাস্তের আঘাত ফলে আক্রমণ।

জব্বলপুরের নিকটস্থ জোয়ারা হইতে সংবাদ আসিয়াছে, একটী লোক মাঠে ঘাস কাটিতে যাইয়া ঘাস কাটিবার সময় কাস্তের দ্বারা একটী সাপকে প্রহার করিয়াছিল। লোকটী ঘাস কাটার পর মাঠের বাহিরে বিশ্রাম করিতে যাইলে সাপটী তথায় যাইয়া তাহাকে আক্রমণ করে। তখন সে পলাইয়া যাইতে সমর্থ হয়। লোকটী বাড়ীতে যাইলে সাপটী বাড়ী পর্য্যন্ত যাইয়া তাহাকে কামড়াইয়া দেয়। তখনই তাহাকে হাসপাতালে লইয়া যাওয়া হয় ও এ যাত্রা সে রক্ষা পাইয়াছে।

---

## প্রাপ্তি-স্বীকার।

বেঙ্গল পাবলিসিটী বোর্ড হইতে প্রকাশিত নিম্নলিখিত পুস্তকগুলি আমরা জঙ্গিপুরের মহকুমা ম্যাজিষ্ট্রেট বাহাদুরের অফিস হইতে পাইয়াছি। এইগুলি ক্রমশঃ "জঙ্গিপুর সংবাদে" ছাপান হইবে।

১। ভদ্রলোকদিগকে জমি বিলি।
২। শাসন-সংস্কার ও বাঙ্গালার আর্থিক অবস্থা।
৩। শাসন-সংস্কার-প্রস্তাব ও বাঙ্গালা।
৪। বাঙ্গালা দেশে চিনি।
৫। রক্ষা-কবচ।
৬। Provincial Finance under the White Paper.

---

## রঘুনাথগঞ্জ দরবেশপাড়া দুর্গাপূজার আয়-ব্যয়ের হিসাব।

বর্ত্তমান বৎসরে শ্রীশ্রীদুর্গাদেবীর পূজা নির্ব্বিঘ্নে সুসম্পন্ন হইয়াছে। নিম্নে সংক্ষিপ্ত হিসাব দেওয়া হইল। যদি কেহ বিস্তারিত হিসাব দেখিতে ইচ্ছা করেন তবে শ্রীযুক্ত হরিগোপাল চট্টোপাধ্যায় মহাশয়ের নিকট দেখিতে পাইবেন।

| | |
|---|---|
| গত বৎসরের জের— ... | ১০৵০ |
| বর্ত্তমান বৎসরের সংগৃহীত চাঁদা | ৯৪/১০ |
| | ১০৪৶/১০ |
| বর্ত্তমান বৎসরের পূজার খরচ ... | ৯১॥৶৫ |
| মজুত | ১২॥৫ |

উক্ত টাকা স্থানীয় কো-অপারেটিভ ব্যাঙ্কে এক বৎসরের মিয়াদে জমা রহিল।

শ্রীগোবর্দ্ধনধারী চট্টোপাধ্যায়।
শ্রীবিশ্বেশ্বর ঘোষাল।
শ্রীহরিগোপাল চট্টোপাধ্যায়।
সাং রঘুনাথগঞ্জ।

---

## আহরণী।

বিলেতের মেয়েরা বিনা হ্যাটে গির্জ্জেয় যাচ্ছেন ব'লে—ধার্ম্মিকরা চঞ্চল হ'চ্ছেন। মেয়েরা প্রশ্ন ক'রেছেন খানিকটা ন্যাকড়া মাথায় দেওয়া না দেওয়ায় ধর্ম্মের কি যায় আসে আর জান্‌তে চেয়েছেন 'হ্যাট' ক্রাইষ্ট চান না ক্রিশ্চানিটী চান?

* * *

ম্যালেরিয়ার পেছোনে বছরে নব্বই কোটী টাকা খরচ হয় এবং এই রোগে বছরে চার কোটী লোকের স্বাস্থ্য নষ্ট হয়।

* * *

হিসেব নিয়ে দেখা গেছে যে স্বামী স্ত্রীর মধ্যে স্বামীর বয়স যদি সাতাশ এবং স্ত্রীর বয়স যদি পঁচিশ হয় তাহলে তাদের যে সন্তান হয় সেই সন্তান সব দিক দিয়ে উৎকৃষ্ট।

* * *

বিশেষ গবেষণার ফলে জানা গেছে যে সব মেয়ে খুব শারীরিক কসরৎ অভ্যাস করে তারা বিবাহিত হ'লে তাদের গর্ভে সন্তান হয় না।

* * *

এরোপ্লেনের ব্যবহার আজকাল খুব বেশী বেড়ে গেছে। বর্ত্তমানে গ্রেট্ বৃটেনের যে কোন স্থান থেকে বিমান ট্যাক্সি ভাড়া ক'রে পৃথিবীর যে কোন স্থানে যাওয়া যায়। এই কাজে ওখানে বর্ত্তমানে ৩৬টী ব্যবসা চল্‌ছে।

---

## নীলামের ইস্তাহার।

### চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

#### নীলামের দিন ২৩শে অক্টোবর ১৯৩৩।

৩৯২ মর্গেজ ডিঃ ধরণীধর দাস দেং রামতারণ দাস দাবি ২৬২৲ পং মঙ্গলপুর মৌজে মানিকপুর দফাহাট ২৫২৮৵০ বিঘার কাত ৫৮৶/১২ আঃ ৭৫৲

---

### চৌকী জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

#### নীলামের দিন ১৮ই নভেম্বর ১৯৩৩।

৬৩৮ খাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং গিরীশচন্দ্র মণ্ডল দাবি ২৩৮৶৬ পং রুকুনপুর মৌজে শ্রীমন্তপুর ৩-৭৬ শতকের কাত ১৩।০ আঃ ১০৲ ২নং লাট পরগণাদি ঐ ২-৫৫ শতকের কাত ৫॥৬ আঃ ১০৲

---

### চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

#### নীলামের দিন ১৫ই নভেম্বর ১৯৩৩।

৪৩৫ মনি ডিঃ অঘোরনাথ চক্রবর্ত্তী দেং জাবেদ হোসেন সেখ দাবি ৯৮৵০ পং গনকর মৌজে দক্ষিণপাড়া ৪-৫ শতক তন্মধ্যে ৫৪ শতকের কাত ২৲ আঃ ৩০৲ ২নং লাট পরগণাদি ঐ ১৯ শতকের কাত ১৮৬ আঃ ১০৲৲

## জঙ্গিপুর কৃষি ও শিল্প প্রদর্শনী।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে আগামী ১৯৩৪ সালের জানুয়ারী মাসে দ্বিতীয়বার জঙ্গিপুর কৃষি ও শিল্প প্রদর্শনী হইবে। আশা করি কৃষি ব্যবসায়ী ও শিল্পিগণ প্রদর্শনীতে প্রদর্শন যোগ্য বিবিধ দ্রব্য প্রস্তুত করিবেন। কৃষিজাত দ্রব্যের জন্য ও শিল্পজাত দ্রব্যের জন্য পৃথক পৃথক বিভাগ হইবে। বিস্তৃত বিবরণ জানিবার জন্য জঙ্গিপুর কো অপারেটিভ সেণ্ট্রাল ব্যাঙ্কে অনুসন্ধান করিবেন।

শ্রীদ্বিজপদ চট্টোপাধ্যায়,
শ্রীহেমন্তকুমার সরকার,
সেক্রেটারী,
জঙ্গিপুর কৃষি ও শিল্পী প্রদর্শনী।

---



ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্মতর আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্মজনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেন:—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বা:) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
**রেডিয়ম ল্যাবরেটরী**
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেণ্টস্—
**বসাক ফ্যাক্টরী**
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

---

## হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ✓১৫, ২০০ প্রতি ড্রাম ৵০ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয়ার্থ মজুত আছে।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ)
প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
রঘুনাথগঞ্জ, চাউলপটি, (মুর্শিদাবাদ)

---

## টিপসহির কালী

পণ্ডিত প্রেসে পাইবেন।
মূল্য প্রতি কৌটা পাঁচ পয়সা।

---

## ইহার অমোঘ শক্তি দেখিয়া বিস্মিত হইবেন।

৫৬ বৎসরের পরীক্ষিত লক্ষ লক্ষ ম্যালেরিয়া প্রপীড়িত রোগীর দ্বারা ব্যবহৃত।

# অমৃতাদি কষায়

ম্যালেরিয়া জ্বর, বিষমজ্বর, ঘুসঘুসে জ্বর, প্লীহা-যকৃৎসংযুক্ত জ্বর, দ্বৈকালীন জ্বর, পালাজ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার নূতন ও পুরাতন জ্বরের অব্যর্থ মহৌষধ।

অমৃতাদি কষায়—কুইনাইন সদৃশ শক্তিশালী জ্বরঘ্ন এবং বলকারক গাছগাছড়ার সংমিশ্রণে প্রস্তুত, সম্পূর্ণ নিরাপদ এবং নির্ভরযোগ্য।

অমৃতাদি কষায়—ব্যবহারে জ্বর অবিলম্বে বিরাম প্রাপ্ত হয় এবং ইহা জ্বরের পুনরাক্রমণে বাধা প্রদান করে।

অমৃতাদি কষায়—যকৃতের উপর ক্রিয়া করে, পিত্ত নিঃসারিত করে; কোষ্ঠ পরিষ্কার করিয়া ক্ষুধাবৃদ্ধি করে; বর্দ্ধিত প্লীহা এবং যকৃতের আকার হ্রাস করিয়া স্বাভাবিক অবস্থায় পুনরানয়ন করে; রক্ত পরিষ্কার করিয়া রোগীকে শক্তিশালী করে।

অমৃতাদি কষায়—ম্যালেরিয়া জ্বরের যাবতীয় বিষ সমূলে বিনষ্ট করিয়া শরীর হইতে বহির্গত করিয়া দেয় এবং রোগীকে অতি সত্বর সুস্থ, সবল এবং কান্তিযুক্ত করে।

মূল্য প্রতি শিশি একপোয়া ১৲—অর্দ্ধপোয়া ॥০

**সি, কে, সেন এণ্ড কোং লিঃ,**
২৯নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা

---

## ছাদের জন্য
# লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।
সস্তর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং**
প্রো: শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।

---

কুইনাইন ট্যাবলেট

ভারতের একমাত্র দেশীয় কুইনাইন প্রস্তুতের কারখানা।
কাঁচা মাল, পরিশ্রম, মূলধন সমস্তই ভারতের নিজস্ব। বিস্তারিত বিবরণ ও দরের জন্য পত্র লিখুন।
সোল ডিষ্ট্রিবিউটার—বসাক ফ্যাক্টরী ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।

## বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্কসের

চাঁদমার্কা পাঁচন

ম্যালেরিয়া এবং সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ।

নূতন জ্বর ১ দিনে পুরাতন জ্বর ৩ দিনে
আরোগ্য হয়।

বিশেষ দ্রষ্টব্য :—চাঁদমার্কা পাঁচনের জাল ধরা পড়ায় উহার প্রতিকারার্থে শিশির প্যাকিংএর কিছু পরিবর্ত্তন করা হইয়াছে। পূর্ব্বে কেবলমাত্র সাদা কাগজে নিয়মাবলী দেওয়া হইত। এখন প্রত্যেক শিশির গায়ে হলুদবর্ণের কাগজে পাঁচন প্রস্তুতের বিবরণ ছবি ও ব্যবহারবিধি এবং আমাদের কুইনাইন ট্যাবলেট, রেডিয়াম স্নো প্রভৃতির বিবরণ ছাপাইয়া পুস্তিকাকারে দেওয়া হইয়াছে। গ্রাহকগণ এখন হইতে বর্ত্তমান প্যাকিং দেখিয়া মাল গ্রহণ করিলে নিরাপদ হইবেন ও খাঁটি জিনিষ পাইবেন।

সোল এজেণ্ট :—

**বসাক ফ্যাক্টরী**

৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, — কলিকাতা।

### যে জিনিষ বহুলোকের অন্তর স্পর্শ করিয়াছে

১। অমৃতার্ণব অবলেহ :—এই অবলেহ সেবনে দূষিত রক্ত পরিষ্কৃত হয়, শুক্র গাঢ় ও বর্দ্ধিত হয়। দেহকে বলিষ্ঠ এবং কান্তিযুক্ত করে। ইহা ব্যবহারে মস্তিষ্কের দুর্ব্বলতা দূর করতঃ শরীরের অতিরিক্ত উত্তাপ হ্রাস করে এবং স্মৃতি ও ধারণাশক্তি পরিবর্দ্ধিত করে। ২০ তোলা পূর্ণ প্রতি কৌটার মূল্য ২৲ টাকা।

সকল সম্পদের সার, স্বাস্থ্যের শ্রেষ্ঠ পুস্তক "কামশাস্ত্র" পত্র লিখিলেই বিনামূল্যে ও বিনা ডাকমাশুলে পাইবেন।

আতঙ্কনিগ্রহ ঔষধালয়।

২১৪নং বহুবাজার ষ্ট্রীট্, কলিকাতা।

১৮২৭ সালে আবিষ্কৃত

### ধবল বা শ্বেতি (শ্বেতকুষ্ঠ)

রোগের অব্যর্থ মহৌষধ ব্যবহার করিয়া অসংখ্য রোগী আরোগ্য লাভ করিয়াছে, কেহই নিস্ফল হয় নাই। যে অঙ্গে যত দিনেরই রোগ হউক সপ্তাহে লাল হইয়া ক্রমে নির্দ্দোষ স্থায়ী আরোগ্য হয়, পুনরাক্রমণের কোন আশঙ্কা থাকে না। ঔষধে কোন দুর্গন্ধ বা বিষাক্ত পদার্থ নাই। মূল্য তৈল ও চূর্ণ ২৷৷০ টাকা।

বসু এণ্ড সন্স

১০।১এ, বকুলবাগান ১ম লেন, ভবানীপুর, কলিকাতা।




## সুরমা

### ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৷৷৷০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৷৷৷০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৷৵০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৵০ এক টাকা পাঁচ আনা।

### সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷৷০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵০ এক টাকা তিন আনা।

### জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

### মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ৷৷০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

পরীক্ষিত ঔষধাবলী

কণ্টিক
বসন্তের প্রতিষেধক।
পেপ—অজীর্ণে ও অম্লে।
বিল—হিষ্টিরিয়ার ঔষধ।
লুং—হাঁপানীর উপকারী।
হর—চুলকানি ও চর্ম্মরোগে।
মূল্য প্রতি ড্রাম ।০ আনা।




### সার্জ্জারী জগতে যুগান্তর।

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য প্রতি শিশি ১৲, ডজন ১২৲ মাত্র।

### দামোদর সুধা

ইহা সেবনে ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, পিত্তশ্লেষ্মার জ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বর অতি সত্বর আরোগ্য হয়। ম্যালেরিয়া প্রপীড়িত ব্যক্তি লিভার ও প্লীহা দ্বারা আক্রান্ত হইয়া ন্যাবা, শোথযুক্ত জীর্ণ শীর্ণ এমন কি অস্থি চর্ম্মসার হইয়াও এই দামোদর সুধা ব্যবহারে নিত্যই আরোগ্যলাভ করিতেছেন। মূল্য ৷৷৵০ প্লীহার মালিষ সমেত ১৲

ফেরোকল—যাবতীয় গণোরিয়া (মেহ, প্রমেহ) রোগের অব্যর্থ মহৌষধ। আজকাল প্রায় অধিকাংশ যুবক যুবতী এই রোগে আক্রান্ত হইয়া যৌবনে বার্দ্ধক্য প্রাপ্ত হন, এবং নানাপ্রকার যন্ত্রণায় মর্ম্মপীড়া ভোগ করেন এমন কি অনেকে জীবনে হতাশ হইয়া থাকেন। ইহা ব্যবহারে উক্ত যন্ত্রণা প্রস্রাবে জ্বালা ও পুঁজ ২।৩ দিনে আরোগ্য করে। একটী পিচকারীসহ প্রতি শিশি মূল্য ১৷৷০ উক্ত ঔষধ সমূহ ভিঃ, পিতে লইলে মাশুলাদি স্বতন্ত্র লাগে।

সোল প্রোঃ **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস**

ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা।

এজেণ্টস্—
এম, ভট্টাচার্য্য এণ্ড কোং
কলিকাতা

সন ১৩৪০ সালের ক্যালেণ্ডার বিনামূল্যে বিতরিত হইতেছে।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।